আইসিটি শাখা
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
তারিখঃ ২৭/৫/২৫
ডায়রী নং- ২৫২০
এআইজি আইসিটি
অতিঃ এসপি (আইসিটি)
এএসপি (আইসিটি)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
পুলিশ সুপারের কার্যালয়, লক্ষ্মীপুর
https://lakshmipur.police.gov.bd

# উন্মুক্ত দরপত্র বিজ্ঞপ্তি নং-০১

স্মারক নং-প্রশা./২২৬৯/১ম/প্র. সহ./ লক্ষ্মী. তারিখ: ১৪ মে, ২০২৫ খ্রি.

আগামী ২০২৫-২০২৬ অর্থবছরে লক্ষ্মীপুর জেলা পুলিশের জন্য নিম্নবর্ণিত মালামাল সরবরাহ/ক্রয়/মেরামত করার নিমিত্ত পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও বিধিমালা, ২০০৮ এবং তৎপরবর্তীতে সংশোধিত ও প্রণীত আইন/বিধিমালা এবং ২০১৫ সালের Delegation of Financial Powers, Sub-Delegation of Financial Powers মোতাবেক বাংলাদেশের স্থায়ী নাগরিক ও আগ্রহী প্রকৃত ঠিকাদার/সরবরাহকারী/ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব প্রতিষ্ঠানের প্যাডে সীলমোহরকৃত খামে প্রতিযোগিতামূলক উন্মুক্ত দরপত্র আহবান করা যাচ্ছে।

| | | | |
|---|---|---|---|
| ১. | মন্ত্রনালয়/বিভাগ | ঃ | স্বরাষ্ট্র মন্ত্রনালয়, জননিরাপত্তা বিভাগ |
| ২. | সংস্থা/বিভাগ | ঃ | বাংলাদেশ পুলিশ |
| ৩. | ক্রয়/সংগ্রহের স্বত্বাধিকারীর পদবি ও জেলা | ঃ | পুলিশ সুপার, লক্ষ্মীপুর জেলা |
| ৪. | আহবানকৃত কাজের ধরণ | ঃ | দরপত্রের মাধ্যমে মালামাল সরবরাহ/ক্রয়/সেবা ক্রয়/মেরামত কাজ |
| ৫. | দরপত্রের পদ্ধতি | ঃ | উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM) |
| ৬. | বরাদ্দের উৎস | ঃ | পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা হতে কোড ভিত্তিক বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে |
| ৭. | প্রকল্প/কর্মসূচীর নাম | ঃ | ২০২৫-২০২৬ অর্থবছরে লক্ষ্মীপুর জেলা পুলিশের জন্য ক্রমিক নং-১২ এ বর্ণিত মালামাল সরবরাহ/ক্রয়/সেবা ক্রয় |
| ৮. | দরপত্র ডকুমেন্ট/সিডিউল বিক্রয়ের স্থান, শেষ তারিখ ও সময় | ঃ | (ক) পুলিশ সুপারের কার্যালয়, নোয়াখালী, (খ) পুলিশ সুপারের কার্যালয়, লক্ষ্মীপুর<br>তারিখ: আগামী ১৬/০৬/২০২৫ খ্রি., সময়: অফিস চলাকালীন পর্যন্ত সিডিউল বিক্রয় করা হবে। |
| ৯. | দরপত্র দাখিলের স্থান, তারিখ ও শেষ সময় | ঃ | পুলিশ সুপারের কার্যালয়, লক্ষ্মীপুরের রক্ষিত দরপত্র বাক্সে গ্রহণ করা হবে।<br>তারিখ: আগামী ১৭/০৬/২০২৫ খ্রি., সময়: দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত। |
| ১০. | দরপত্র খোলার স্থান, তারিখ ও সময় | ঃ | পুলিশ সুপারের কার্যালয়, লক্ষ্মীপুর, তারিখ: আগামী ১৭/০৬/২০২৫ খ্রি., সময়: ১৩.০০ ঘটিকা |
| ১১. | দরপত্র দাতা/যোগানদার/ সরবরাহকারীর যোগ্যতা | ঃ | (ক) ব্যবসা সংক্রান্ত ট্রেড লাইসেন্স (হালনাগাদ নবায়নকৃত), (খ) আয়কর পরিশোধের হালনাগাদ নবায়নকৃত সনদপত্র, (গ) সমকালীন ভ্যাট (১১/১২ ডিজিট সম্বলিত ভ্যাট রেজিস্ট্রেশন) থাকতে হবে, (ঘ) ব্যাংক কর্তৃক আর্থিক স্বচ্ছলতার প্রত্যয়নপত্র, কার্য মূল্যের সমপরিমাণ স্থিতি থাকতে হবে, (ঙ) পূর্ববর্তী ০৩ (তিন) মাসের ব্যাংকের সাথে লেনদেনের স্টেটমেন্ট, (চ) ছবিসহ ফার্মের মালিকানা হলফনামার কপি, (ছ) সংশ্লিষ্ট কাজে পূর্বের অভিজ্ঞতার সনদপত্র প্রদর্শন করতঃ নিজস্ব প্যাডে আবেদনের মাধ্যমে সিডিউল ক্রয় করতে হবে, (জ) আউটসোর্সিং পদ্ধতিতে বেসরকারি জনবল/সেবা সরবরাহ/প্রদানের ক্ষেত্রে বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর ৭ নং বিধি অনুযায়ী সেবাকর্মী সরবরাহকারী ঠিকাদারী সংস্থার রেজিস্ট্রেশন ও নবায়নকৃত লাইসেন্স প্রদান করতে হবে, (ঝ) জাতীয় পরিচয়পত্র ও নাগরিকত্ব সনদপত্রসহ সকল কাগজপত্রের সত্যায়িত কপি দরপত্রের সাথে দাখিল করতে হবে। অন্যান্য শর্তাবলী দরপত্র সিডিউলে উল্লেখ রয়েছে। |

| | লট নং | কাজের নাম | দরপত্র সিডিউলের মূল্য (অফেরতযোগ্য) | টেন্ডার সিকিউরিটির পরিমাণ | কার্য সম্পাদনের সময় |
|---|---|---|---|---|---|
| ১২. | ক. | ২০২৫-২০২৬ অর্থবছরে লক্ষ্মীপুর জেলা পুলিশ সুপারের কার্যালয়সহ বিভিন্ন দপ্তর/এমআই সেন্টার/ইউনিটের জন্য অন্যান্য মনিহারি সরবরাহ (বাজেট কোড-৩২৫৫১০৫) | ১,০০০/- | ৪০,০০০/- | ২০২৫-২০২৬ অর্থবছরের ০১ জুলাই, ২০২৫ হতে ৩০ জুন, ২০২৬ পর্যন্ত |
| | খ. | লক্ষ্মীপুর জেলা পুলিশ সুপারের কার্যালয়সহ বিভিন্ন দপ্তর/এমআই সেন্টার/ইউনিটে ব্যবহারের জন্য পুলিশ লাইন্সের বিভাগীয় ভান্ডারে ব্যবহার্য দ্রব্যাদি সরবরাহ (বাজেট কোড-৩২৫৬১০৩) | ১,০০০/- | ৫০,০০০/- | |
| | গ. | লক্ষ্মীপুর জেলা পুলিশ সুপারের কার্যালয়সহ বিভিন্ন দপ্তর/এমআই সেন্টার/ইউনিটে ব্যবহারের জন্য স্বাস্থ্যবিধান সামগ্রী সরবরাহ (বাজেট কোড-৩২৫২১০৮) | ১,০০০/- | ৩০,০০০/- | |
| | ঘ. | লক্ষ্মীপুর জেলা পুলিশের বিভিন্ন দপ্তরে ব্যবহারের জন্য কম্পিউটার সামগ্রী সরবরাহ (বাজেট কোড-৩২৫৫১০১) এবং কম্পিউটার ও অফিস সরঞ্জাম মেরামত (বাজেট কোড নং-৩২৫৮১০৩) | ৭৫০/- | ২০,০০০/- | |
| | ঙ. | লক্ষ্মীপুর জেলা পুলিশ হাসপাতালে (এমআই সেন্টার) ঔষধ ও শল্য চিকিৎসা সরঞ্জামাদি সরবরাহ (বাজেট কোড-৩২৫২১০৫) এবং ঔষধ ও প্রতিষেধক সরবরাহ (বাজেট কোড-৩২৫২১০৯) | ১,০০০/- | ৩০,০০০/- | |
| | চ. | লক্ষ্মীপুর জেলা পুলিশ সদস্যদের জন্য বাজেট কোড-৩২৫৬১০৬ খাতে পুলিশ হেডকোয়ার্টার্সের অনুমোদিত নমুনা মোতাবেক পোশাক সেলাই, জ্যাকেট সেলাই, নেইম প্লেইট ও রিবন সরবরাহ (পুলিশ পরিদর্শক ও তদুর্দ্ধ কর্মকর্তাদের সামার টিউনিক, উইন্টার টিউনিক, ব্লু-ব্লেজার, মেসকিট, সাদা শার্ট/পোশাক সেলাই-সহ) | ১,০০০/- | ৮০,০০০/- | |
| | ছ. | লক্ষ্মীপুর জেলা পুলিশের ব্যবহারের জন্য অর্থনৈতিক কোড নং-৪১১২৩১৪ খাত হতে আসবাবপত্র ক্রয়/সরবরাহ এবং অর্থনৈতিক কোড-৩২৫৮১০২ আসবাবপত্র (মেরামত) খাত হতে আসবাবপত্র মেরামত কাজ। | ১,০০০/- | ৩০,০০০/- | |
| | জ. | লক্ষ্মীপুর জেলার বিভিন্ন সার্কেল/থানা/তদন্ত কেন্দ্র/পুলিশ লাইন্স/ইউনিটে আউটসোর্সিং পদ্ধতিতে সেবা গ্রহণের জন্য বিভিন্ন পদে বেসরকারি জনবল সরবরাহ (বাজেট কোড-৩২১১১৩১) | ১,০০০/- | ৮০,০০০/- | |
| | ঝ. | লক্ষ্মীপুর জেলা পুলিশের আইন-শৃঙ্খলা ডিউটিতে ব্যবহারের জন্য মাইক্রোবাস/প্রাইভেটকার /পিকআপ দৈনিক/মাসিক ভাড়ায় সরবরাহ (বাজেট কোড-৩২২১১০৬) | ১,০০০/- | ৪০,০০০/- | |
| | ঞ. | লক্ষ্মীপুর জেলা পুলিশের মোটরযান/জলযান শাখায় ব্যবহৃত যানবাহনসমূহের টায়ার, টিউব ও ব্যাটারি সরবরাহ (বাজেট কোড-৩২৫৬১০৫) | ১,০০০/- | ৮০,০০০/- | |
| | ট. | লক্ষ্মীপুর জেলা পুলিশের পেট্রোল চালিত মোটরযান/জলযান/যানবাহন এবং পেট্রোল/অকটেন চালিত মোটরসাইকেলের খুচরা যন্ত্রাংশ/কাঁচামাল সরবরাহ ও মেরামত কাজ (বাজেট কোড-৩২৫৬১০৫, ৩২৫৮১০১ এবং ৩২৫৮১২৮) | ১,০০০/- | ৪০,০০০/- | |
| | ঠ. | লক্ষ্মীপুর জেলা পুলিশের ডিজেল চালিত মোটরযান/জলযান/যানবাহনের খুচরা যন্ত্রাংশ/কাঁচামাল সরবরাহ ও মেরামত কাজ (বাজেট কোড-৩২৫৬১০৫, ৩২৫৮১০১ এবং ৩২৫৮১২৮) | ১,০০০/- | ৪০,০০০/- | |
| | ড. | লক্ষ্মীপুর জেলা পুলিশের ব্যবহারের জন্য অন্যান্য যন্ত্রপাতি ও সরঞ্জামাদি ক্রয়/সরবরাহ (বাজেট কোড-৪১১২৩১৬) এবং যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম মেরামত কাজ (কোড নং-৩২৫৮১০৫) | ১,০০০/- | ৬০,০০০/- | |
| | ঢ. | লক্ষ্মীপুর জেলা পুলিশের বিভিন্ন ইভেন্ট/হরতাল/অবরোধ/নির্বাচন/ভিভিআইপি ডিউটিতে নিয়োজিত থাকার সময়ে আপ্যায়ন ব্যয় বাবদ প্যাকেটজাত কুকড ফুড/শুকনো খাবার সরবরাহ (বাজেট কোড-৩২১১১০৬) | ৭৫০/- | ২০,০০০/- | |
| | ণ. | লক্ষ্মীপুর জেলা পুলিশের বছরব্যাপী বিভিন্ন দিবস পালন, শ্রেষ্ঠ অফিসার/মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা, কমিউনিটি পুলিশিং ডে, পুলিশ মেমোরিয়াল ডে, বার্ষিক পুলিশ সমাবেশ এবং উর্ধ্বতন অফিসার/ভিভিআইপিদের জেলায় আগমন উপলক্ষে বিভিন্ন অনুষ্ঠান/উৎসবাদিতে মালামাল সরবরাহ ও আয়োজন সংক্রান্ত কাজ (বাজেট কোড নং-৩২৫৭৩০১) | ৫০০/- | ১৫,০০০/- | |
| | ত. | লক্ষ্মীপুর জেলা পুলিশের জন্য ক্রীড়া সামগ্রী ক্রয় (বাজেট কোড নং-৩২৫৬১০৭) | ৫০০/- | ৫,০০০/- | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | থ. | লক্ষ্মীপুর জেলার মেঘনা নদী এলাকায় আইন-শৃঙ্খলা/অন্যান্য জরুরি ডিউটি পরিচালনা ও সরকার কর্তৃক ঘোষিত অভিযানে ইঞ্জিন চালিত নৌকা/ট্রলার ভাড়াকরণ (হায়ারিং চার্জ) কাজ (বাজেট কোড-৩২১১১০৭) | ৫০০/- | ৫,০০০/- | |
| | দ. | লক্ষ্মীপুর জেলা পুলিশ সুপারের কার্যালয়সহ পুলিশের বিভিন্ন দপ্তর/ইউনিটের জন্য ইন্টারনেট/ফ্যাক্স/টেলেক্স সংযোগ সরবরাহ ও মেরামত কাজ (বাজেট কোড-৩২১১১১৭) | ৫০০/- | ৫,০০০/- | |
| | ধ. | লক্ষ্মীপুর জেলা পুলিশের প্রচার ও বিজ্ঞাপন খাত হতে বিভিন্ন প্রচার, প্রসার, অনুষ্ঠান ও সমাবেশে সচেতনতামূলক কাজের লিফলেট/হ্যান্ডবিল/ব্যানার/প্যানাফ্লেক্স/ফেস্টুন/প্ল্যাকার্ড/সাইনবোর্ড তৈরি/ছাপানো/মোটরযান কেস স্লিপ ও আটক স্লিপ ইত্যাদি সরবরাহ (বাজেট কোড-৩২১১১২৫)। | ৫০০/- | ৫,০০০/- | |
| ১৩. | দরপত্র আহবানকারী কর্মকর্তার নাম ও পদবি | ঃ | মোঃ আকতার হোসেন, পুলিশ সুপার, লক্ষ্মীপুর | | |
| ১৪. | দরপত্র আহবানকারী কর্মকর্তার ঠিকানা | ঃ | পুলিশ সুপারের কার্যালয়, লক্ষ্মীপুর | | |
| ১৫. | দরপত্র আহবানকারী কর্মকর্তার সাথে যোগাযোগের মাধ্যম | ঃ | ফোন-০২৩৩৪৪৪১০৩৩ ও ফ্যাক্স-০২৩৩৪৪৪১৪৭৯ | | |

১৬. <u>বিশেষ শর্তাবলী</u> :

(ক) অনিবার্য কারণবশতঃ নির্ধারিত দিনে বা সময়ে দরপত্র দাখিল বা গ্রহণ বা খোলা সম্ভব না হলে দরপত্র আহবানকারী কর্তৃক দরপত্র দাখিলের ও খোলার/গ্রহণের পুনঃ নির্ধারিত তারিখ ও সময় স্থানীয় বিজ্ঞপ্তির মাধ্যমে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হবে। দরপত্র খোলার তারিখ যদি কোন কারণে অফিস বন্ধ থাকে তাহলে পরবর্তী কার্যদিবসে যথাসময়ে দরপত্র খোলা হবে।

(খ) ট্রেজারি চালানের মাধ্যমে পুলিশ সুপার, লক্ষ্মীপুর এর অনুকূলে কোড নং-১-২২১১-০০০০-১৪২২৩২৮ (দরপত্র দলিল ফি)'তে জেলা সোনালী ব্যাংক, প্রধান শাখায় জমা দিয়ে চালান ট্রেজারি কর্তৃক সিটিআর করে চালানের মূল কপি দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে। সিটিআর ব্যতিত কোন ট্রেজারি চালান গ্রহণযোগ্য হবে না।

(গ) দরপত্রের সাথে পুলিশ সুপার, লক্ষ্মীপুর এর অনুকূলে যে কোন তফসিলভূক্ত ব্যাংকের ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে বর্ণিত নির্ধারিত জামানত অবশ্যই দাখিল করতে হবে। জামানত ব্যতিত দাখিলকৃত দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

(ঘ) দরপত্র সিডিউল/দলিল ক্রয়কালে নিজস্ব প্রতিষ্ঠানের প্যাডে ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ নিম্নস্বাক্ষরকারীর বরাবরে আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে এবং ক্রমিক নং-১১ তে উল্লিখিত সকল কাগজ পত্র/সনদপত্র ১ম শ্রেণির সরকারি গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। নির্দিষ্ট সময়ের পর আর কোন দরপত্র গ্রহণ করা হবে না।

(ঙ) দরপত্রদাতা/সরবরাহকারী ও প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা এবং উপস্থিত ঠিকাদার/প্রতিনিধিদের হাজিরা/স্বাক্ষর নেয়া হবে।

(চ) নির্বাচিত প্রতিষ্ঠানের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদনের পরই কার্যাদেশ প্রদান করা হবে। পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা হতে বরাদ্দ সাপেক্ষে বিল পরিশোধ করা হবে।

(ছ) দরপত্র কমিটি সর্বোচ্চ/সর্বনিম্ন দরপত্র দাতার দরপত্র গ্রহণে বাধ্য নয়।

(জ) দরপত্র গ্রহণকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিত যেকোন দরপত্র গ্রহণ কিংবা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৪/০৫/২৫


মোঃ আকতার হোসেন
বিপি-৭৮০৬১১৯৭৩৭
পুলিশ সুপার, লক্ষ্মীপুর
ফোন-০২৩৩৪৪৪১০৩৩, ফ্যাক্স-০২৩৩৪৪৪১৪৭৯
Email-splakshmipur@police.gov.bd


স্মারক নং-প্রশা./২২৬৯ (৪৮)/১ম/প্র. সহ./ লক্ষ্মী. তারিখ: ১৪ মে, ২০২৫ খ্রি.

<u>অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে/বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১. ডিআইজি, চট্টগ্রাম রেঞ্জ, বাংলাদেশ পুলিশ, চট্টগ্রাম
২. কমান্ড্যান্ট (ডিআইজি), পুলিশ ট্রেনিং সেন্টার, নোয়াখালী
৩. অতিরিক্ত ডিআইজি (ফিন্যান্স অ্যান্ড বাজেট/আইসিটি-১/পার্সোনেল ম্যানেজমেন্ট-১/লজিস্টিক্স/ট্রান্সপোর্ট/ল্যান্ড অ্যান্ড এস্টেট/এমটি অ্যান্ড ওয়ার্কশপ/বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৪. এআইজি (পার্সোনেল ম্যানেজমেন্ট-২/ইকুইপমেন্ট/সাপ্লাই/আইসিটি/স্পোর্টস অ্যান্ড কালচার/হেলথ, ওয়েলফেয়ার অ্যান্ড পেনশন), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা

(১–৪) সদয় জ্ঞাতার্থে

৫. জেলা প্রশাসক, লক্ষ্মীপুর
৬. পুলিশ সুপার, চট্টগ্রাম/কক্সবাজার/নোয়াখালী/ফেনী/কুমিল্লা/বাহ্মণবাড়িয়া/চাঁদপুর/রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান জেলা
৭. সিভিল সার্জন, লক্ষ্মীপুর
৮. অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ/ক্রাইম অ্যান্ড অপস/সদর সার্কেল), লক্ষ্মীপুর
৯. সহকারী পুলিশ সুপার, রায়পুর/রামগতি সার্কেল, লক্ষ্মীপুর
১০. জেলা একাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার, লক্ষ্মীপুর
১১. মেডিকেল অফিসার, জেলা পুলিশ হাসপাতাল (এমআই সেন্টার), পুলিশ লাইন্স, লক্ষ্মীপুর
১২. অফিসার ইনচার্জ, লক্ষ্মীপুর সদর মডেল/রায়পুর/রামগঞ্জ/রামগতি/কমলনগর/চন্দ্রগঞ্জ থানা, লক্ষ্মীপুর
১৩. সহকারী পরিচালক (ইন.), বিআরটিএ, লক্ষ্মীপুর
১৪. কৃষি বিপণন কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর, লক্ষ্মীপুর
১৫. আরআই, পুলিশ লাইন্স, লক্ষ্মীপুর
১৬. ইনচার্জ, মোটরযান/জলযান শাখা, পুলিশ লাইন্স, লক্ষ্মীপুর
১৭. ইনচার্জ, ডি-স্টোর/সি-স্টোর, পুলিশ লাইন্স, লক্ষ্মীপুর
১৮. হিসাবরক্ষক, পুলিশ সুপারের কার্যালয়, লক্ষ্মীপুর

১৯. সম্পাদক,
আজকের বিজনেস বাংলাদেশ
ঢাকা

২০. Editor,
The Asian Age
Dhaka

(১৯–২০) আহবানকৃত দরপত্র বিজ্ঞপ্তিটি আগামী ১৬/০৫/২০২৫ খ্রি. তারিখের মধ্যে ১২´´×৪´´ ইঞ্চি স্বল্প পরিসরে ০১ (এক) দিন প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতঃ ০২ (দুই) কপি অত্রাফিসে প্রেরণ করতে অনুরোধ করা হলো।

২১. অফিস নোটিশ বোর্ড।

১৪/০৫/২৫


মোঃ আকতার হোসেন
বিপি-৭৮০৬১১৯৭৩৭
পুলিশ সুপার, লক্ষ্মীপুর
ফোন-০২৩৩৪৪৪১০৩৩, ফ্যাক্স-০২৩৩৪৪৪১৪৭৯
Email-splakshmipur@police.gov.bd